উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

**আগস্ট/২০২৪ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব এস,এম, আলমগীর

**প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।**

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ২৭/০৮/২০২৪ খ্রি:

সময় : দুপুর ১১.০০ ঘটিকা।

উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, হাসপাতালে সার্বক্ষণিক সেবা চলছে, হাসপাতালে বৈষম্য বিরোধী আন্দোলনে কোন ক্ষয়ক্ষতি হয়নি। হাসপাতালে চিকিৎসা গ্রহণ করতে আসা রোগী ও তার সাথে আসা সাধারণ মানুষ যত্রতত্র ময়লা ফেলার কারণে পরিবেশ অপরিচ্ছন্ন হয়। এছাড়া পরিচ্ছন্নতা কর্মীর সংখ্যা কম থাকার কারণে হাসপাতাল পরিচ্ছন্ন রাখতে সমস্যা হচ্ছে। রোগী ও সাধারণ মানুষদের মধ্যে ময়লা ফেলা ও পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা তৈরি করা প্রয়োজন। হাসপাতালে দালাল চক্রের ব্যাপারে কর্তৃপক্ষ সচেতন রয়েছে। | আলোচনান্তে, হাসপাতালের ভিতর দালার চক্রের দমন এবং রোগীদের সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় আলোচনা করা হলো না। | | |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১। খরিপ/২, ২০২৪-২৫ মৌসুমে মাসকালাই ৭০ জন কৃষকের মাঝে প্রণোদনা বীজ, সার বিতরন ২। ২০২৪-২৫ পারিবারিক পুষ্টি বাগানের ৪০ জন কৃষকের মাঝে প্রদর্শনী ড্রাম বিতরন ৩। পুষ্টি প্রকল্পের মেশিনারিজ বিতরণ ভুট্টা মাড়াই যন্ত্র -৯ টি ৪। পুষ্টি প্রকল্পের মেশিনারিজ বিতরণ LLP মেশিন -১০ টি ৫। পুষ্টি প্রকল্পের মেশিনারিজ বিতরণ স্প্রেয়ার মেশিন-২৯ টি ৬। পুষ্টি প্রকল্পের মেশিনারিজ বিতরণ ফুট পাম্প ১০ টি ৭। সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাই নাশক দোকান পরিদর্শন ৮। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে (চলমান) ৯। চলমান তাপদাহের কারনে সম্ভাব্য ক্ষতি থেকে উত্তরণের উপায় হিসেবে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের করনীয় সিদ্ধান্ত সমূহ কৃষকদের মাঝে পৌছাতে সকল উপসহকারী কৃষি অফিসারগণ কে মাঠ পর্যায়ে সচেতনতামূলক কৃষক সমাবেশ আয়োজনসহ সকল কৃষক গ্রুপে আলোচনা করতে ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জরূরী নির্দেশনা দেয়া হয়েছে। | মাঠ পর্যায়ে কৃষককে নিবিড় পরামর্শ দেওয়া অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সভায় জানান যে, চলতি মাসের শুরুতে মৎস্য সপ্তাহ পালিত হয়েছে। মৎস্যের উৎপাদন ও সংরক্ষণ বৃদ্ধির লক্ষে কাজ করা হচ্ছে। মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে একটি চায়না জাল আটক করা হয়েছে এছাড়া উপজেলার বিভিন্ন জলাশয়ে ৪০০ কেজি পোনা মাছ ছাড়ার প্রস্তুতি রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান আগস্ট/২৪ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৭৮০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৭৫ টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৫৩৫টি,হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২২১৭১ টি, খামার পরিদর্শন ১২ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৯টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ১৪৫ জন, টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ৮০১০ টাকা এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৫৮৫০০ টাকা। চলমান বন্যা পরিস্থিতিতে প্রাণিসম্পদের ঝুকী মোকাবেলায় ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্পের মাধ্যমে শ্যামপুর ও নয়ানগর ইউনিয়নে বিভিন সংক্রামক রোগের ভ্যাক্সিনেশন প্রোগ্রাম করা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল ইউনিয়নে ভ্যাক্সিনেশন প্রোগ্রাম চলমান থাকবে। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়র্মিং প্রোগ্রামসহ ইউনিয়ন পর্যায়ে গঠিত পিজি খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানসহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের নিজস্ব গো-ডাউন না থাকার কারণে বিভিন্ন সময়ে বরাদ্দকৃত ত্রাণ সামগ্রী রাখার জন্য মেলান্দহ মির্জা আজম আধুনিক অডিটরিয়ামের পিছনের একটি রুমে বিভিন্ন ত্রাণ সামগ্রী (যেমন- ঢেউটিন, কম্বল, শুকনো খাবার, ত্রিপল ইত্যাদি মালামাল) রেখে উপকারভোগীদের মাঝে বিতরণ করা হত। গত ০৫/০৮/২০২৪ খ্রি: তারিখ দেশের অনাকাঙ্খিত পরিস্থিতিতে মেলান্দহ মির্জা আজম আধুনিক অডিটরিয়ামের পিছনের একটি রুমে সংরক্ষিত ৬০ বান্ডিল ঢেউটিন, ৫১টি ত্রিপল এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বীর নিবাস নির্মাণ কাজে ব্যবহারের জন্য প্রেরিত রং এর বড় ২০ বালতি ও ছোট ১৪ বালতি রং দু:স্কৃতকারিরা লুট করে নিয়ে যায়। যা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে। উল্লেখ্য যে, ইতোমধ্যে ৩০ বান্ডিল ঢেউটিন এবং বড় ৪ বালতি রং ফেরৎ পাওয়া গেছে।<br>এছাড়া চলতি ২০২৪ -২৫ অর্থ বছরে এখনো টিআর, কাবিটা/কাবিখা ও ইজিপিপি কর্মসূচির বরাদ্দ পাওয়া যায়নি। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে, ইতোমধ্যে দেশের পূর্বাঞ্চলে ভয়াবহ বন্যা দেখা দিয়েছে। আশঙ্খা করা হচ্ছে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলেও বন্যার সৃষ্টি হতে পারে। এমতাবস্থায় ২৫/০৮/২৪ তারিখ জরুরী সভা আহবান করে আসন্ন বন্যা মোকাবিলায় আগাম প্রস্তুতির বিষয়ে কিছু সিদ্ধান্ত গৃহীত হয়েছে।অত:পর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানীত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | আলোচনান্তে বন্যা মোকাবিলায় আগাম প্রস্তুতির বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২৪খ্রি: হতে জুন/২৪খ্রি: পর্যন্ত ডি.ডব্লিউ.বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে। পুষ্টি চালের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচিতে ২১,৬৫২ জন সুবিধাভোগী বছরে ৫ মাস মার্চ, এপ্রিল ও সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে চাল উত্তোলন করেন। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ৫৭ (সাত) জন ডিলারের মাধ্যমে মেলান্দহ উপজেলায় ১৯ জন টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে সময়ে সময়ে ওএমএস ডিলারগণের মাধ্যমে চাল ও আটা সাধারণ ভোক্তার মধ্যে সরকারি নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। বোরো ধান সংগ্রহ কার্যক্রম ০৭ মে/২৪ খ্রি: থেকে শুরু হয়ে ৩১ আগস্ট/২৪ পর্যন্ত প্রতি কেজি ধানের সংগ্রহিত মূল্যে ৩২/- হিসাবে প্রতি মণ ধান ১২৮০/- এবং প্রতি কেজি বোরো সিদ্ধচাল ৪৫/- ও প্রতি কেজি আতপ চাল ৪৪/- টাকা দরে ধান/চাল সংগ্রহ করা হয়েছে। সামনে বোরো/২৫ঃ মৌসুমে বৈধ লাইসেন্সধারী মিলার এবং কৃষি কার্ডধারী কৃষকগণের মাধ্যমে অ্যাপের সাহায্যে বোর ধান/চাল সংগ্রহ করা হবে। প্রতি মাসে ২/১০ টাকা কেজি দরে চাল ও ১/৭৭৫ টাকা কেজি দরে গম উত্তোলণ করেন। | ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউডিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার করা বাবদ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ড) নং অনুচ্ছেদ মোতাবেক ২৫০০০ (পচিশ হাজার) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসাবাড়ি মেরামত বাবদ ৩(ক) অনুযায়ী ২৫০০০/- (পচিশ) হাজার টাকা উপজেলা রাজস্ব তহবিল ব্যয় করা প্রয়োজন। | বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৮/২৪

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৪.২০

তারিখ : ২৭.০৮.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

২৭/০৮/২৪

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

## আগস্ট/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | 01702 - 288622<br>melandah@uhfpo.dghs.gov.bd | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393<br>uaomelandah@gmail.com | |
| ০৫ | ~~মো: মাহমুদুর রহমান~~ [illegible]<br>~~সিনিয়র~~ উপজেলা মৎস্য কর্মকর্তা | 01762-665844 | |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৯৬৬২৫৬৬৫২৭<br>ulomelandahjamalpur@gmail.com | |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01721 330075<br>pio.razzaque@yahoo.com | |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108<br>usso.melandah@gmail.com | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712 293 228<br>Uea melandah@gmail.com | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>Dyd melandah@gmail.com | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01676-316639<br>ue.melandah@lged.gov.bd | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818822648<br>Zakir.38093@gmail.com | |
| ১৪ | মো: হাবিবুল্লাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710857139<br>uco.melandah@gmail.com | |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917-872355<br>smustary01@gmail.com | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | RSiraj |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717189658 | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01710-880702<br>ucfmelandah856@gmail.com | |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.ugdp@gmail.com | |

# আগস্ট/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | ০১৭০৯-৯৭০০০১ | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | ০১৭০৯৯৭০১৭১ | |
| ৩. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | ০১৭১৫৬৪০৪২৪ | |
| ৫. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মো: শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | 01719-815496 | 29.8.24 |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01320-391020 | 27.8.24 |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | 29/08/2024 |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | 29/08/24 |
| ১২. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | ০১৭২০৯৬৮৮৯০ | ২৯/০৮/24 |
| ১৩. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | 01716177426 | |

উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.৯৭ তারিখ : ২৫.০৮.২০২৪

নোটিশ

আগামী ২৭.০৮.২০২৪ তারিখ, রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৭.০৮.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৫.০৮.২৪ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৫/০৮/২৪
(এস.এম. আলমগীর)
পরিচিতি নং- ২০৬৮০
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

......................................................
...................................... সম্মানীত সদস্য
উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.৯৭ তারিখঃ ২৫.০৮.২০২৪
অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

২৫/০৮/২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।